



নং- ধবিম/হ:শা:/৪-৩৩৭/২০১৩-৪৮৮

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে M.S. Air service (HL-922), plote no. 448/c, holding no. 768, Khilgoan, Ground floor, Dhaka-1219 এর মালিক/মোনাঞ্জেম হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ মোতাবেক অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু জনাব জনাব মো: হান্নান মিয়া, সিনিয়র প্রভাষক, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, ঢাকা আপনার এজেন্সির বিরুদ্ধে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

“হারাম শরীফ থেকে ০-১০০ মি. দূরত্বে উচ্চমানের পরিষ্কার বাসা, মদিনায় মসজিদে নববী সংলগ্ন হোটেল রাখার প্রতিশ্রুতির মাধ্যমে কাস্টমাইজ “এ-প্যাকেজ” বাবদ ০২ জন হাজীর নিকট থেকে ৮ লক্ষ ৬২ হাজার টাকা নিয়ে প্রয়োজনীয় সেবা প্রদান না করা।” এবং

যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ তদন্ত কমিটি তদন্ত করেছে এবং তদন্ত কমিটি শাস্তির সুপারিশ করেছে; এবং

যেহেতু আপনার হজ এজেন্সির বিরুদ্ধে গত ০৩.০৩.২০২০ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ধবিম/হ:শা:/৪-৩৩৭/২০১৩-১৩৯ নং স্মারকে ০৩ (তিন) দিনের মধ্যে জবাব প্রেরণের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি গত ০৪.০৩.২০২০ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন এবং আপনি আপনার স্বপক্ষে যুক্তি উপস্থাপন করেছেন যা গ্রহণযোগ্য বিবেচিত হয়নি; এবং


যেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ (গ,চ) অনুযায়ী আপনার পরিচালিত M.S. Air service (HL-922) এর হজ লাইসেন্স ০৩ (তিন) বছরের জন্য স্থগিত ও ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জরিমানা করা হয়; এবং

যেহেতু আরোপিত শাস্তি মওকুফের জন্য আপনি রিভিউ আবেদন করেছেন এবং আপনার বক্তব্য উপস্থাপন করেছেন;

সেহেতু রিভিউ কমিটির সুপারিশ মোতাবেক জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ অনুযায়ী আপনার পরিচালিত M.S. Air service (HL-922) এর বিরুদ্ধে পূর্বে প্রদত্ত শাস্তি কমিয়ে হজ লাইসেন্স ০২ (দুই) বছর (২০২০ এবং ২০২১) স্থগিতসহ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জরিমানা করা হলো; এবং

০২। জরিমানাকৃত অর্থ অনতিবিলম্বে ড্রেজারি চালানোর মাধ্যমে কোড নং-১-৩৫০১-০০০১-১৯০১ এ জমাদানপূর্বক চালানোর মূল কপি এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য বলা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


০২.১২.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন

সিনিয়র সহকারী সচিব


ফোন: ৯৫৮৪৩২২

e-mail:morahajsection@gmail.com

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
৪. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাওতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জনাব সামসুদ্দিন আহমেদ, স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার, M.S. Air service (HL-922), plote no. 448/c, holding no. 768, Khilgoan, Ground floor, Dhaka-1219.
১৩. অফিস কপি।


০২.১২.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব